

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন্ত ও পাট মন্ত্রণালয়

বেসরকারিকরণ ও বিরাস্তিয়করণ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ০৮ আগস্ট ২০১৪ খ্রিঃ

নং ২৪.০০.০০০০.২০২.১৮.০৪৫.১৩(ফে খ্র)-১৮১—যেহেতু, Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (P.O.No.-27 of 1972) এর প্রথম তফসিলভুক্ত ৬৩ নং দ্রুমিক এ উন্নিখিত ময়মনসিংহ জুট মিলস্য লিঃ, চৱকালীবাড়ী (শুভগঙ্গা), লালকুঠির দরবার শরীফ, ময়মনসিংহ অতঃপর উক্ত কোম্পানী বলে উন্নিখিত এর সকল শেয়ার ও অন্যান্য স্বত্ত্ব সরকারে ন্যস্ত ছিল, এবং

যেহেতু, ময়মনসিংহ জুট মিলস্য লিঃ, ময়মনসিংহ পুঁজিভুত লোকসানের কারণে ২৭ এপ্রিল, ১৯৯৩ তারিখে মিলটি বন্ধ করে দেয়া হয়। রাষ্ট্রপতির আদেশ পি, ও নং ২৭/১৯৭২ এর 10(2) এবং 11(1,2) ধারার ক্ষমতাবলে মিলটি বিক্রয়সহ যে কোন কার্যক্রম গ্রহণের বিষয়ে বিজেএমসি ক্ষমতাবান। উক্ত ক্ষমতার আওতায় বন্ধকৃত মিলটি বিক্রয়ের জন্য বিজেএমসির প্রস্তাবের প্রেক্ষিতে প্রাইভেটইউজেশন বোর্ডে হস্তান্তর করা হয়। উক্ত বোর্ড হতে মিলটি বিক্রয়ের জন্য টেন্ডার আহবান করা হলে ৩য় টেন্ডারে প্রাপ্ত দরে ময়মনসিংহ জুট মিলস্য শ্রমিক কর্মচারী কল্যাণ বহুমুখী সমবায় সমিতি লিঃ এর নিকট পাট মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির ১৯তম বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী বিজেএমসির ২৭.০৭.১৯৯৯ তারিখের ২০৯ নং স্মারকে বিক্রয়ের ইচ্ছাপত্র জারি করা হয়। পরবর্তীতে উক্ত সমিতি ডাউন পেমেন্টের টাকা পরিশোধে ব্যর্থ হওয়ার প্রেক্ষিতে সমিতির ইচ্ছায় অর্থ বিনিয়োগকারী মেসার্স আরবাস এসোসিয়েটস্ ও সমিতি এর যৌথ নামে ২০-০৬-২০০১ তারিখে বিজেএমসির ১৭২ নং স্মারকে পরিবর্তিত ইচ্ছাপত্র জারি করা হয়।

(১৭৮২৫)  
মূল্য : টাকা ৮.০০

ইচ্ছাপত্রের শর্ত অনুযায়ী ডাউন পেমেন্ট বাবদ ১,৪৪,৭৪,০০০/- (এক কোটি চুয়াল্লিশ লক্ষ চুয়াত্তর হাজার) টাকা পরিশোধ করায় ০২-১১-২০০৩ তারিখে মিলটি ক্রেতার অনুকূলে দখল হস্তান্তর করা হয়। হস্তান্তরের পূর্বে ১২-০৭-২০০১ তারিখে সরকার, মিল ক্রেতা মেসার্স আবাস এসোসিয়েটস্ এবং ময়মনসিংহ জুট মিলস্ শ্রমিক কর্মচারী কল্যাণ বহুমুখী সমবায় সমিতি লিঃ এর মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদিত হয়।

এখন যেহেতু, মিল ক্রেতা কর্তৃক মিল হস্তান্তর চুক্তির 1(a, b) ধারায় বর্ণিত সরকারি পাওনা পরিশোধে ব্যর্থ হয়েছে। পরবর্তীতে উক্ত পাওনা পরিশোধের জন্য পুনঃ তফসিলিকরণ চুক্তি সম্পাদন করা হলেও মিলে যৌথ ক্রেতাপক্ষ অর্থ পরিশোধে ব্যর্থ হয়েছে;

এবং যেহেতু, ক্রেতা চুক্তি 1(c) ধারা মোতাবেক চলতি সম্পদের মূল্য পরিশোধে ব্যর্থ হয়েছে;

এবং যেহেতু, ক্রেতা চুক্তির 1(d) ধারার শর্ত পূরণে ব্যর্থ হয়েছে;

এবং যেহেতু, ক্রেতা চুক্তির 1(f) ধারার শর্ত পূরণে ব্যর্থ হয়েছে;

এবং যেহেতু, ক্রেতা চুক্তির 1(j) ধারার শর্ত পূরণে ব্যর্থ হয়েছে;

এবং যেহেতু, ক্রেতা চুক্তির ধারা ৬ এ বর্ণিত (সমিতির সাথে মেসার্স আবাস এসোসিয়েটস এর সম্পাদিত চুক্তির) শর্ত প্রতিপালনে ব্যর্থ হয়েছে;

এবং যেহেতু, ক্রেতা কর্তৃক উক্ত চুক্তির যে কোন ধারা, উপধারা লংঘনের দায়ে বিক্রেতা/সরকার উক্ত চুক্তির ৮(১,২ এবং ৩) ধারা প্রয়োগপূর্বক ক্রেতা কর্তৃক প্রদত্ত সমস্ত টাকা বাজেয়ান্ত করে কোন প্রকার ক্ষতিপূরণ ছাড়া চুক্তি বাতিলসহ মিলটি পুনঃঅধিগ্রহণ পূর্বক সরকারের মালিকানায় দখল নিয়ন্ত্রণে আনতে পারে।

সেহেতু, জনস্বার্থে Contract Act 1872 (IX of 1872) এর ৩৯নং ধারা ক্রেতা কর্তৃক লংঘন করায় বিক্রেতা/সরকার মিল হস্তান্তর চুক্তির ৮(১, ২ এবং ৩) ধারা প্রয়োগপূর্বক ময়মনসিংহ জুট মিলস্ লিঃ নামক শিল্প কারখানাটিসহ উক্ত কোম্পানীর যাবতীয় স্থাবর-অস্থাবর সম্পত্তি ও স্বত্ত্ব সরকার কর্তৃক অদ্য ০৮-০৮-২০১৪ খ্রি:১৪২১ বঙ্গাব্দ তারিখে পুনঃঅধিগ্রহণ (Take Back) করা হ'ল, ক্রেতার সাথে ১২-০৭-২০০১ তারিখে সম্পাদিত চুক্তি বাতিল করা হ'ল ও ক্রেতা কর্তৃক ডাউন পেমেন্ট বাবদ প্রদত্ত টাকাসহ ১ম কিস্তির ৮০% বাবদ পরিশোধিত টাকা বিক্রেতা/সরকারের অনুকূলে বাজেয়ান্ত করা হ'ল এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মিলটি ব্যবস্থাপনার নিমিত্ত এ মন্ত্রণালয়ের আওতাধীন রাষ্ট্রায়ত্ব সংস্থা বিজেএমসি'র নিয়ন্ত্রণে ন্যস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সাইফুল্লাহ আহমদ মজুমদার

উপ-সচিব।

---

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)